




বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন  
সিকিউরিটিজ কমিশন ভবন  
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭  
www.sec.gov.bd



সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৯৮

তারিখঃ ২২ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ  
০৬ আগস্ট, ২০২০ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭৩৪ তম কমিশন সভা ০৫/০৮/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ

০১. কমিশন সভায় এনার্জীপ্যাক পাওয়ার জেনারেশন লিমিটেড-কে বুক বিল্ডিং পদ্ধতিতে ইলেকট্রনিক বিডিং সম্পাদনের মাধ্যমে প্রান্ত-সীমা মূল্য (Cut-off price) নির্ধারণের জন্য বিডিং এর অনুমোদন প্রদান করা হয়। আলোচ্য কোম্পানিটি বুক বিল্ডিং পদ্ধতিতে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে পুঁজিবাজার থেকে ১৫০ (একশত পঞ্চাশ কোটি) টাকা মূলধন সংগ্রহ করে LPG প্রকল্পের ব্যবসায় সম্প্রসারণ, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০ শে জুন, ২০১৯ তারিখে সমাপ্ত সমন্বিত আর্থিক বিবরণী (Consolidated Financial Statements) অনুযায়ী যথাক্রমে শেয়ার প্রতি নীট সম্পত্তি মূল্য (পুনর্মূল্যায়ন সঞ্চিতসহ) ৪৫.১৫ টাকা ও শেয়ার প্রতি নীট সম্পত্তি মূল্য (পুনর্মূল্যায়ন সঞ্চিত ব্যতীত) ৩০.২০ টাকা এবং শেয়ার প্রতি আয় (EPS) ৩.১৩ টাকা। আরও উল্লেখ্য, বিগত ৫টি আর্থিক বিবরণী অনুযায়ী কর পরবর্তী নীট মুনাফার ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) ২.২১ টাকা। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে লংকা বাংলা ইনভেস্টমেন্টস লিমিটেড।

*Placem*  
06-08-20

মোহাম্মদ রেজাউল করিম  
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র